গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪১৪

তারিখ: ৪ চৈত্র ১৪২৬
১৮ মার্চ ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**আজ ১৮ মার্চ ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস: দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।**

**আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।**

**পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।**

**তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।**

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/বজ্র বৃষ্টি হতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩২.৩ | ৩০.০ | ৩৭.৬ | ৩২.০ | ৩৩.০ | ৩০.৫ | ৩৩.৪ | ৩৩.৪ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৮.০ | ১৭.৮ | ১৭.০ | ১৪.৯ | ১৭.০ | ১৩.২ | ১৮.৫ | ১৯.০ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ ৩৭.৬° এবং আজকের সর্বনিম্ন তেঁতুলিয়া ১৩.২°সেঃ।

অগ্নিকান্ড
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৬/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৭/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৬৮টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ১৭ | ১ | ০ |
| ২। | ময়মনসিংহ | ৫ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ৪ | ০ | ০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | সিলেট | ৩ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ৭ | ১ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ১৭ | ০ | ০ |
| ৮। | খুলনা | ১৪ | ০ | ০ |
| | **মোট** | **৬৮** | **২** | **০** |

## উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

**১। ঢাকাঃ** ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান যে, গত ১৭.০৩.২০২০ তারিখ সকাল ৯.৩৩ ঘটিকায় নুরজাহান ভিলা, কচুক্ষেত, ঢাকা এলাকার একটি ছয়তলা ভবনের ৩য় তলায় বৈদ্যুতিক গোলযোগে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ১ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছান। কিন্তু ফায়ার সার্ভিসের ইউনিট পৌঁছানোর আগেই আগুন নিভে যায়। অগ্নিকান্ডে একজন আহত হয়েছে।

**২। রংপুরঃ** ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান যে, গত ১৭.০৩.২০২০ তারিখ ভোররাত ৪.৩৪ ঘটিকায় আলালচর গঞ্জাচর, রংপুর এলাকার একটি গোয়ালঘরে ও একটি বসতঘরে মশার কয়েল থেকে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ২টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছান। অগ্নিকান্ডে একজন আহত হয়েছে।

## করোনা ভাইরাস সংক্রান্ত তথ্য (বাংলাদেশ পরিস্থিতি):

১। স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ্ ইমার্জেন্সী অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ১৭/০৩/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত প্রাপ্ত তথ্য নিম্নে প্রদান করা হলোঃ

ক) স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যাঃ

| বিষয় | ২৪ ঘন্টায় সর্বশেষ পরিস্থিতি | গত ২১/০১/২০২০ থেকে অদ্যবধি |
|---|---|---|
| মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ৮৬৬৮ | ৬২৪৭৪৩ |
| এ পর্যন্ত দেশের ৩টি আন্তর্জাতিক বিমান বন্দরে বিদেশ থেকে আগত স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ৩৩৫০ | ৩০৯১৩৮ |
| দু'টি সমূদ্র বন্দরে (চট্টগ্রাম সমূদ্র বন্দর ও মংলা সমূদ্র বন্দর) স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ২৭২ | ৭৯৫৫ |
| ঢাকা ক্যান্টনমেন্ট ও বেনাপোল রেলওয়ে স্টেশনে স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ০ | ৭০২৯ |
| অন্যান্য চালু স্থলবন্দরগুলোতে স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন) | ৫০৪৬ | ৩০০২৬১ |

খ) ২০২০ সালের COVID-19 ও সন্দেহজনক COVID-19 রোগীর সর্বশেষ তথ্যঃ

- ০১/০৩/২০২০ থেকে ১৭/০৩/২০২০ পর্যন্ত সর্বমোট ভর্তি রোগীঃ ৫৩ জন।
- ০১/০৩/২০২০ থেকে ১৭/০৩/২০২০ পর্যন্ত সর্বমোট ছাড়কৃত রোগীঃ ৩০ জন
- বর্তমান দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতালে সর্বমোট ভর্তি রোগীঃ ২৩ জন
    - ঢাকার ০৩টি সরকারি ও বেসরকারি হাসপাতালে সর্বমোট ভর্তি রোগীঃ ১৯ জন

    - অন্যান্য বিভাগে বর্তমানে সর্বমোট ভর্তি রোগীঃ ০৪ জন
- গত ২৪ ঘন্টায় (১৬/০৩/২০২০ সকাল ৮টা থেকে ১৭/০৩/২০২০ সকাল ৮টা পর্যন্ত) নতুন রোগীঃ ০৫ জন
    - গত ২৪ ঘন্টায় ঢাকায় নতুন ভর্তি রোগীঃ ৫ জন
    - গত ২৪ ঘন্টায় ঢাকার বাইরে নতুন ভর্তি রোগীঃ ০০ জন

- রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর), এখন পর্যন্ত এ বছরে COVID-19 সন্দেহে **১০ জন** রোগীতে নিশ্চিত করেছে।

গ) নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে আক্রান্ত, চিকিৎসাপ্রাপ্ত ও মৃত্যুর বিস্তারিত তথ্য (শুধুমাত্রা ঢাকা শহরের তথ্য):

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম (সরকারি ও স্বায়ত্বশাসিত) | ২৪ ঘন্টায় নভেল করোনা ভাইরাস নতুন রোগীর সংখ্যা =৫ | গত ২১-০১-২০২০ হতে অদ্যাবধি ২০১৯-নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে | | | | | বর্তমানে ভর্তি রোগী =২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সর্বমোট ভর্তি = ৫৩ | ২০১৯-নভেল করোনা ভাইরাস সন্দেহে পর্যালোচনার জন্য প্রেরিত মৃত্যু =০ | পর্যালোচনা সম্পন্নকৃত =০ | নিশ্চিত মৃত্যু =০ | ছাড়পত্র প্রাপ্ত রোগী = ৩০ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১। | কুর্মিটোলা জেলারেল হাসাপাতাল | - | ৩ | - | - | - | ২ | ১ |
| ২। | কুয়েত বাংলাদেশ মৈত্রি সরকারি হাসপাতাল | ৪ | ৪০ | - | - | - | ২৬ | ১৪ |
| ৩। | সংক্রামক ব্যাধি হাসপাতাল | ১ | ৪ | - | - | - | - | ৪ |
| | সরকারি ও স্বায়ত্বশাসিত হাসপাতালে সর্বমোট | ৫ | ৪৭ | - | - | - | ২৮ | ১৯ |
| | বেসরকারি ক্লিনিক/ হাসাপাতাল | - | - | - | - | - | - | |
| | ঢাকা শহরে সর্বমোট (সরকারি, বেসরকারি ও শ্বায়ত্বশাসিত) | ৫ | ৪৭ | - | - | - | ২৮ | ১৯ |

ঘ) নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে আক্রান্ত, চিকিৎসাপ্রাপ্ত ও মৃত্যুর বিস্তারিত তথ্য (বিভাগওয়ারী তথ্য):

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম (সরকারি ও স্বায়ত্বশাসিত) | ২৪ ঘন্টায় নভেল করোনা ভাইরাস নতুন রোগীর সংখ্যা =৫ | গত ২১-০১-২০২০ হতে অদ্যাবধি ২০১৯-নভেল করোনা ভাইরাস (COVID-19) রোগে | | | | | বর্তমানে ভর্তি রোগী =২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সর্বমোট ভর্তি = ৫৩ | ২০১৯-নভেল করোনা ভাইরাস সন্দেহে পর্যালোচনার জন্য প্রেরিত মৃত্যু =০ | পর্যালোচনা সম্পন্নকৃত =০ | নিশ্চিত মৃত্যু =০ | ছাড়পত্র প্রাপ্ত রোগী = ৩০ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১। | ঢাকা বিভাগ | - | ৪৭ | - | - | - | ২৮ | ১৯ |
| ২। | ময়মনসিংহ বিভাগ | - | - | - | - | - | - | - |
| ৩। | চট্টগ্রাম বিভাগ | - | ৩ | - | - | - | - | ৩ |
| ৪। | রাজশাহী বিভাগ | - | ১ | - | - | - | ১- | ১ |
| ৫। | রংপুর বিভাগ | - | - | - | - | - | - | - |
| ৬। | খুলনা বিভাগ | - | ১ | - | - | - | - | ১ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৭। | বরিশাল | - | - | - | - | - | - | - |
| ৮। | সিলেট বিভাগ | - | ১ | - | - | - | ১ | - |
| | বাংলাদেশে সর্বমোট | ৫ | ৫৩ | ০ | ০ | ০ | ৩০ | ২৩ |

২। ঢাকার আশকোনাস্থ হাজী ক্যাম্পে আগত ব্যক্তিদের জন্য গৃহীত ব্যবস্থাদি মনিটরিং এর জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি থেকে প্রাপ্ত তথ্য অনুসারে, গত ১৬.০৩.২০২০ খ্রিঃ তারিখ সন্ধ্যায় ৯৬ জন যাত্রী হাজী ক্যাম্পে আগমন করেন। তাঁদেরকে স্বাস্থ্যসেবা বিভাগের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করা হয়। পরীক্ষা-নিরীক্ষার পর ঐদিন রাতেই সকল যাত্রী হাজী ক্যাম্প ত্যাগ করেন। বর্তমানে হাজী ক্যাম্পে কেউ অবস্থান করছেন না।

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে হাজী ক্যাম্পে অবস্থানরতদের বিষয়ে গৃহীত কার্যক্রম বাস্তবায়নের জন্য ৪টি কমিটি গঠন করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক হাজী ক্যাম্পে অবস্থানরতদের জন্য বিছানাপত্র ও প্রয়োজনীয় অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি সরবরাহ করা হয়।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক হাজী ক্যাম্পে অবস্থানরতদের জন্য ৪ বেলা (সকাল, দুপুর, বিকাল ও রাত) খাদ্যসামগ্রী সরবরাহ করা হয়।

১৯-৩-২০২০


মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com


ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪১৪/১(৮৯)

তারিখ: ৪ চৈত্র ১৪২৬
১৮ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২) উপ-পরিচালক (সকল)

৩) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা

৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৫) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৯-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)